

তিন মাসেরও বেশি সময় পর চাঁবিপ্রবির শিক্ষা কার্যক্রম চালু

নিজস্ব বার্তা পরিবেশক

: রোববার, ২৪ নভেম্বর ২০২৪



দীর্ঘ তিন মাসেরও বেশি সময় বন্ধের পর চাঁদপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (চাঁবিপ্রবি) এর অস্থায়ী ক্যাম্পাসে ক্লাস শুরু হয়েছে।

আজ রোববার (২৪ নভেম্বর) ২০২১-২২ ও ২০২২-২৩ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের ক্লাস শুরু হয়েছে। গত বৃহস্পতিবার বিকালে জরুরি এক সভায় চাঁবিপ্রবির নবনিযুক্ত উপাচার্য অধ্যাপক ড. পেয়ার আহম্মেদ শিক্ষার্থীদের ক্লাস শুরুর উদ্যোগ গ্রহণ করেন।

জানা যায়, গত ১৭ নভেম্বর চাঁবিপ্রবি প্রশাসন ক্লাস শুরু করার প্রস্তুতি গ্রহণ করলেও, দুই জন শিক্ষকের অব্যাহতি জনিত সমস্যা অর্থাৎ শিক্ষক সংকট, জনবল সংকট, প্রশাসনিক জটিলতা ও শিক্ষার্থীদের বিভিন্ন দাবি-দাওয়ার প্রেক্ষিতে ক্লাস শুরু করতে পারেনি।

আজ ক্লাস শুরুর দিনে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. পেয়ার আহম্মেদ শিক্ষার্থীদের উদ্দেশে বলেন, শিক্ষার্থীদের প্রতিনিয়ত মননশীল

অনুশীলন করতে হবে এবং সৃষ্টিশীল কাজের মাধ্যমে উৎকৃষ্ট চিন্তা-চেতনা বিশ্বব্যাপী ছড়িয়ে দিতে হবে।

তিনি আরো বলেন, তোমাদের হাত ধরেই চাঁদপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় সামনের দিকে এগিয়ে যাবে এবং তোমরাই গবেষণামুখী প্রতিষ্ঠান ও জ্ঞানভিত্তিক সমাজ গড়ে তুলতে অগ্রণী ভূমিকা পালন করবে।

তিনি জানান, চাঁবিপ্রবির প্রশাসন শত প্রতিকূলতার মধ্যে দিয়েও বিশ্ববিদ্যালয়কে সামনের দিকে এগিয়ে নিয়ে যেতে বদ্ধপরিকর। বর্তমান প্রশাসন ক্যাম্পাসে শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখার জন্য শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারী, অভিভাবক সহ সকলের সার্বিক সহযোগিতা চেয়েছেন।